-ঃ গাইবান্ধা সদর উপজেলা পরিষদের নভেম্বর, ২০২২ মাসে অনুষ্ঠিত সাধারণ সভার কার্যবিবরণী ঃ-

সভাপতি : শাহ সারোয়ার কবীর
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
গাইবান্ধা সদর, গাইবান্ধা।

তারিখ : ১৭ নভেম্বর, ২০২২ সকাল ১০:৩০ টা।

স্থান : সৌহার্দ্য সম্মেলন কক্ষ, উপজেলা পরিষদ, গাইবান্ধা সদর, গাইবান্ধা।

**সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট-ক' হাজিরা) ঃ**

জনাব শাহ সারোয়ার কবীর, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গাইবান্ধা সদর, গাইবান্ধার সভাপতিত্বে নভেম্বর, ২০২২ মাসের মাসিক সাধারণ সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে ধারাবাহিকভাবে সভার কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধাকে অনুরোধ করেন। সভায় উপজেলা নির্বাহী অফিসার সভার আলোচ্যসূচি মোতাবেক উপজেলা নির্বাহী অফিসার, গাইবান্ধা সদর মাসিক সভার কার্যক্রম পরিচালনা করেন।

| | আলোচনার বিষয়বস্তু | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | **গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ঃ** | | |
| | উপজেলা নির্বাহী অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা অক্টোবর, ২০২২ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করেন। | অক্টোবর, ২০২২ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর কোন সংশোধনী/ সংযোজনী/ পরিমার্জন না থাকায় কার্যবিবরণী সর্বসম্মতভাবে দৃঢ়করণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা। |
| ২. | উপজেলা পরিষদের ২০২২-২৩ অর্থ বছরে অক্টোবর, ২০২২ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী ঃ | | |

| নং | বিবরণ | % | (টাকা) |
|---|---|---|---|
| ০১ | বাসাভাড়াসহ চেয়ারম্যানের বাসাভাড়াসহ সম্মানী | | ৪০০০০.০০ |
| ০২ | ভাইস চেয়ারম্যানদের সম্মানী | | ৫৪০০০.০০ |
| ০৩ | মালি ও ঝাড়ুদারের মজুরি | | ৩৩০০০.০০ |
| ০৪ | আনুষঙ্গিক ব্যয় | | ৫০০০.০০ |
| ০৫ | আপ্যায়ন ব্যয় | | ৩০০০০.০০ |
| ০৬ | অফিস সরঞ্জাম বিল | | ২৭৪০০.০০ |
| ০৭ | মশক নিধন | | ২২৬০০.০০ |
| ০৮ | অপ্রত্যাশিত খাতের ব্যয় | | ২০০০০০.০০ |
| সর্বমোট: **(মাত্র চার লক্ষ বারো হাজার টাকা)** | | | ৪১২০০০.০০ |

সিদ্ধান্তঃ অক্টোবর, ২০২২ মাসের আয়-ব্যয়সমূহ সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো এবং বিধিমতে ব্যয় পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হলো।

| ৩. বিভিন্ন দপ্তর ও বিভাগ সম্পর্কিত আলোচনাঃ | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ৩.১ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ | | |
| উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, গাইবান্ধা সদরের প্রতিনিধি উপজেলা স্বাস্থ্য বিভাগের বিভাগীয় অগ্রগতি সভায় উপস্থাপন করেন। গত অক্টোবর, ২০২২ মাসে ৫-১১ বয়সী শিশুদের কোভিড-১৯ টিকাদান কর্মসূচির বিশেষ ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়েছে। ভ্যাকসিনের স্বল্পতার কারণে টিকাদান কার্যক্রম সম্পন্ন হয় নি। অদ্য বোয়ালী ইউনিয়নে এবং আগামীকাল খোলাহাটীতে টিকা প্রদান করা হলে টিকাদান কর্মসূচি সম্পন্ন হবে। এ কার্যক্রমের সফলতার জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। কামারজানীতে কমিউনিটি ক্লিনিকের নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে এবং তা শীঘ্রই হস্তান্তর করা হবে। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১) ৫-১১ বছর বয়সী শিশুদের জন্য কোভিড-১৯ টিকাদান কর্মসূচি সফলভাবে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানানো হলো;<br>২) তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখতে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা। |
| ৩.২ উপজেলা কৃষি বিভাগ ঃ | | |
| উপজেলা কৃষি অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা বলেন, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। প্রনোদনা কর্মসূচির বরাদ্দ হতে ৫৫০০ (পাঁচ হাজার পাঁচশত) জন উপকারভোগী নির্বাচন করে প্রণোদনা প্রদান করা হয়েছে। সরকার অর্ধেক ভর্তুকি দিয়ে কৃষি যন্ত্রপাতি দিচ্ছে। এজন্য আগামী ৩০ নভেম্বর, ২০২২ তারিখের মধ্যে আবেদন করা যাবে। উফশী সফলের ৫ (পাঁচ) কেজি চাল ও ১০ (দশ) কেজি সার প্রণোদনা দেয়া হবে। সার ডিলার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। এছাড়া উপজেলা কৃষি বিভাগের পক্ষ থেকে কৃষকদের কৃষি বিষয়ক পরামর্শ ও সহযোগিতা প্রদান অব্যাহত রয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | তার দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখতে, কৃষকদের কৃষি বিষয়ক পরামর্শ প্রদান করা এবং প্রণোদনা কর্মসূচি বাস্তবায়ন করার জন্য জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা। |
| ৩.৩ উপজেলা প্রাণি সম্পদ বিভাগ ঃ | | |
| উপজেলা প্রাণিসম্পদ অফিসার, গাইবান্ধা সদরের প্রতিনিধি জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এ দপ্তরের পশু-পাখিদের স্বাস্থ্য সেবা স্বাভাবিকভাবে প্রদান করা হচ্ছে। বর্তমানে কোন সমস্যা নেই। | তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখতে উপজেলা প্রাণি অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, গাইবান্ধা সদর। |

চলমান পৃষ্ঠা-২/৬

| ৩. বিভিন্ন দপ্তর ও বিভাগ সম্পর্কিত আলোচনাঃ | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| **৩.৪ উপজেলা মৎস্য বিভাগ:** | | |
| সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। তিনি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের নিকট থেকে ভিজিএফের মাস্টার রোল দেওয়ার জন্য অনুরোধ করেন। তিনি বাদিয়াখালীকে তালিকা থেকে বাদ দেওয়ার জন্য অনুরোধ করেন। চলতি মাসের ০১ তারিখ হতে ৩০ ডিসেম্বর, ২০২২ তারিখ পর্যন্ত সরকার জাটক আহরণ, পরিবহন, বাজারজাতকরণ নিষিদ্ধ করেছে। তাই ইলিশ সংরক্ষণ আইন বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। | ১. উপজেলা মৎস্য দপ্তরে ভিজিএফের মাস্টাররোল প্রেরণের জন্য সকল সংশ্লিষ্ট সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করা হলো;<br>২. ইলিশ সংরক্ষণ আইন বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো;<br>৩. সরকারি নির্দেশনামতে কার্যক্রম চালানোর জন্য সিনিয়র উপজেলা মৎস্য অফিসারকে অনুরোধ করা হলো। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, গাইবান্ধা সদর ও ইউপি চেয়ারম্যান, সংশ্লিষ্ট সকল |
| **৩.৫ উপজেলা এলজিইডি বিভাগ:** | | |
| উপজেলা প্রকৌশলী, এলজিইডি বিভাগ জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। বর্তমানে গাইবান্ধা সদর উপজেলায় রাস্তা, ভূমি অফিস নির্মাণ, স্কুল ভবন নির্মাণ ও ব্রিজ নির্মান কাজ চলমান রয়েছে। উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ও বালুয়া বাজারের নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে। জাইকা হতে প্রাপ্ত বরাদ্দের দরপত্র কার্যক্রম সম্পন্ন হয়েছে। এছাড়া বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি)'র ১ম কিস্তির বরাদ্দ পাওয়া গেছে। সংশ্লিষ্ট সকলকে জনগুরুত্ব প্রকল্প দাখিল করার জন্য অনুরোধ করা হয়। উপজেলা পরিষদের পরিত্যক্ত পুরাতন ভবন ও হলরুম (দক্ষিণ পার্শ্বে) নিলামের জন্য জেলা কনডেম কমিটি বরাবর প্রেরণের জন্য প্রস্তাব রাখেন। উপজেলা পরিষদের অভ্যন্তরে বঙ্গবন্ধু মুর্‍্যাল স্থাপনের জন্য কোন প্রক্রিয়ায় কাজটি বাস্তবায়ন করা হবে তার নির্দেশনার জন্য প্রস্তাব রাখেন। এছাড়া সরকার কর্মকর্তা/কর্মচারীদের বসবাসের জন্য পুরাতন জরাজীর্ণ/পরিত্যক্ত ভবন অপসারণপূর্বক নতুন ভবন ও ডরমেটরি নির্মাণের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রস্তাব প্রেরণের জন্য আলোচনা করা হয়। তিনি আরো জানান যে, উপজেলা পরিষদের উপজেলা নির্বাহী অফিসারের কোয়ার্টার অত্যন্ত জরাজীর্ণ তাই উপজেলা নির্বাহী অফিসারের কোয়ার্টার ও উপজেলা চেয়ারম্যানের বাসভবনের জন্য পৃথক ০২টি ভবন নির্মাণ করা প্রয়োজন। | ০১) পূর্ব নির্ধারিত স্থানেই বঙ্গবন্ধুর মুর্‍্যাল নির্মাণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো এবং এ বিষয়ে উপজেলা প্রকৌশলীকে কোটেশন দরপত্রের মাধ্যমে বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো।<br>০২) উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের জন্য বাসভবন নির্মাণের প্রস্তাব স্থানীয় সরকার বিভাগের প্রেরণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো;<br>০৩) সরকারি কর্মকর্তা/কর্মচারীদের জন্য নতুন আবাসিক ভবন/ডরমেটরি স্থাপনের লক্ষ্যে প্রস্তাব স্থানীয় সরকার বিভাগের প্রেরণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো;<br>০৪) তাঁর দপ্তরের কাজ স্বাভাবিক রাখতে উপজেলা প্রকৌশলী, এলজিইডি, গাইবান্ধা সদর, গাইবান্ধাকে অনুরোধ করা হলো; | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, এলজিইডি, গাইবান্ধা সদর। |
| **৩.৬ উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ ঃ** | | |
| উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধার প্রতিনিধি জানান তাদের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। তিনি বলেন যে, অক্টোবর, ২০২২ মাসে গাইবান্ধা সদর উপজেলাধীন সক্ষম দম্পতির ১,০৪,৮৩৯ জনের মধ্যে মোট পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ৮৪৪৪৮জন, গ্রহণকারী হার (সিএআর) ৮০.৫৫%। এ মাসে ৪১টি টিউবেকটমি সম্পাদন করা হয়েছে। অর্জিত হার ৩৭২%। ১৭ জনকে আইইউডি প্রয়োগ করা হয়েছে যার অর্জিত হার ১৬%। ৩৯২ জনকে ইমপ্ল্যান্ট প্রয়োগ করা হয়েছে। অর্জিত হার ৩৫০%। খাবার বড়ি ১৬৬৪ জনকে বিতরণ করা হয়েছে অর্জিত হার ৫০%। কনডম ১১৫ জনকে বিতরণ করা হয়েছে, অর্জিত হার ১৯% এবং ৯০৯ জনকে ইনকেটটেবলস পদ্ধতি প্রয়োগ করা হয়েছে, অর্জিত হার ৫৬%। এছাড়া এই মাসে গাইবান্ধা সদর উপজেলায় ৯২ জন সিজারিয়ান অপারেশনসহ ৪১২ জনের ডেলিভারি সম্পাদন করা হয়েছে এবং ১৫৬৯ জন গর্ভবতী মাকে প্রসবপূর্ব সেবা ও ৫৫৮ জন মাকে প্রসব পরবর্তী সেবা প্রদান করা হয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন, বিভাগীয় কার্যক্রমে বিভিন্ন পদ্ধতি গ্রহণ ও সক্ষম দম্পতিদেরকে পরামর্শ দেয়ার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গাইবান্ধা সদর |
| **৩.৭ উপজেলা শিক্ষা অফিস:** | | |
| উপজেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধার প্রতিনিধি জানান যে, তাঁর দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে মর্মে তিনি সভায় উল্লেখ করেন। বিদ্যালয়গুলোতে ৫-১১ বছর বয়সীদের শিক্ষার্থীদের কোভিড-১৯-এর টিকা প্রদান করা হয়েছে। টিকাদান কর্মসূচি সফলতাবে সম্পন্ন করতে উপজেলা স্বাস্থ্য বিভাগকে উপজেলা শিক্ষা বিভাগ আন্তরিকভাবে ধন্যবাদ জানান। বর্তমানে মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে নিয়মিত উঠান বৈঠক, হোম ভিজিট ও অভিভাবক সমাবেশ আয়োজন করা হচ্ছে। | দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখার এবং স্কুলগুলোতে মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে নিয়মিত উঠান বৈঠক, হোম ভিজিট ও অভিভাবক সমাবেশ আয়োজন করতে উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা। |
| **৩.৮ উপজেলা রিসোর্স সেন্টার ঃ** | | |
| উপজেলা রিসোর্স ইন্সট্রাক্টর, গাইবান্ধা সদর, গাইবান্ধা বলেন যে, বর্তমানে উপজেলা রিসোর্স সেন্টার, গাইবান্ধা সদর, গাইবান্ধায় গণিত অলিম্পিয়াড কৌশল ব্যবহার করে গানিতিক দক্ষতা উন্নয়ন বিষয়ক বরাদ্দ প্রাপ্ত ০৬ ব্যাচের প্রশিক্ষণ চলমান আছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে মর্মে তিনি সভায় সকলকে অবগত করেন। | উপজেলা রিসোর্স ইন্সট্রাক্টর, গাইবান্ধা সদর, গাইবান্ধাকে প্রশিক্ষণগুলো বিধি অনুযায়ী পরিচালনা করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা রিসোর্স ইন্সট্রাক্টর, গাইবান্ধা সদর, গাইবান্ধা |
| **৩.৯ উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ ঃ** | | |
| উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, গাইবান্ধা সদর, মাটি কাটার ৪০দিনের কর্মসূচি বাস্তবায়নের জন্য চেয়ারম্যানদের অনুরোধ করেন। যেসব ইউনিয়ন থেকে টিআর/কাবিখা প্রকল্পের কমিটি পাওয়া যায় নাই তাদের দ্রুত প্রকল্প কমিটি দাখিল করার জন্য অনুরোধ করেন। টিসিবি'র কার্যক্রম সফল করার জন্য টিসিবি ডিলারদের সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। এছাড়া তিনি তার দপ্তরের বিভিন্ন বিষয়ে আলোচনা করেন। | ১. ৪০ দিনের কর্মসূচি বাস্তবায়নের জন্য চেয়ারম্যানদের অনুরোধ করা হলো<br>২. টিআর/কাবিখা প্রকল্পের কমিটি পাওয়া যায় যারা দাখিল করেন নাই তাদের দ্রুত প্রকল্প কমিটি দাখিল করার জন্য অনুরোধ করা হলো।<br>৩. তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখতে উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা। ও চেয়ারম্যান, ইউপি (সংশ্লিষ্ট সকল) |

চলমান পৃষ্ঠা-৩/৬

| ৩. বিভিন্ন দপ্তর ও বিভাগ সম্পর্কিত আলোচনাঃ | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| **৩.১০ উপজেলা সমাজসেবা অধিদপ্তরঃ** | | |
| উপজেলা সমাজসেবা অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা জানান যে, বর্তমানে প্রতিবন্ধী ভাতার ২৪৩৬টি অনলাইন আবেদন পাওয়া গেছে। এজন্য অধিদপ্তর হতে ১৭০০টির জন্য বরাদ্দ পাওয়া গেছে। চলতি অর্থবছরে বয়স্ক ও বিধবা ভাতার কোন বরাদ্দ পাওয়া যাবে না মর্মেও তিনি সকলকে অবহিত করেন। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সকল দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেবা অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা। |
| **৩.১১ উপজেলা খাদ্য বিভাগঃ** | | |
| উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গাইবান্ধা সদর, গাইবান্ধা বলেন যে, গাইবান্ধা সদর এলএসডিতে অদ্যকার প্রারম্ভিক মজুদ চাল (৯৪১২.৬৪০ মে.টন ও গম ৩৩৩.১৯৬ মে.টন। মজুদ সন্তোষজনক। ও.এম.এস খাতে সরকারি ছুটির দিন বাদে প্রতিদিন ৯ (নয়) জন ডিলারের মাধ্যমে গাইবান্ধা পৌরসভায় ৯.০০০ মে.টন চাল ও ৪.৫০০ মে.টন আটা বিক্রয় করা হচ্ছে। ইউনিয়ন পর্যায়ে এই মাসেও খাদ্যবান্ধব কর্মসূচির ভোক্তাগণের মাঝে ১৫/- টাকা কেজি দরে চাল বিক্রয় করা হচ্ছে। ডিজিটাল ডাটাবেজে বাদ পড়া ভোক্তাদের যাচাই শুরু করা হয়েছে। চলতি নভেম্বর মাসে তারা খাদ্যবান্ধব কর্মসূচির আওতায় চাল উত্তোলন করতে পারবে। আসন্ন আমন সংগ্রহ মৌসুমের জন্য ধান সংগ্রহের দর সরকারিভাবে ২৮/- প্রতি কেজি ঘোষণা করা হয়েছে। সরকারি ধার্য দামে ধান বিক্রয়ে আগ্রহী কৃষকদের অনলাইন আবেদন ৩০ শে নভেম্বর, ২০২২ পর্যন্ত অব্যাহত থাকবে। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | সরকারি বিধিমতে মজুদ কার্যক্রম পরিচালনা এবং তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গাইবান্ধা সদর, গাইবান্ধা। |
| **৩.১২ উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ** | | |
| উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার উচ্চ মাধ্যমিক পরীক্ষা, ২০২২ এর কারণে অনুপস্থিত রয়েছেন মর্মে জানা গেল। পরবর্তী সভায় তাকে উপস্থিত থেকে বিভাগীয় অগ্রগতি তুলে ধরার জন্য অনুরোধ করা হলো। | দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখার এবং স্কুলগুলোতে মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে নিয়মিত উঠান বৈঠক, হোম ভিজিট ও অভিভাবক সমাবেশ আয়োজন করতে এবং ম্যানেজিং কমিটি গঠনের জন্য সরকারি নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গাইবান্ধা সদর। |
| **৩.১৩ উপজেলা জনস্বাস্থ্য বিভাগঃ** | | |
| উপসহকারী প্রকৌশলী, উপজেলা জনস্বাস্থ্য বিভাগ, গাইবান্ধা সদর, গাইবান্ধা বলেন যে, আশ্রয়ন প্রকল্পগুলোতে নলকূপ বসানোর কাজ চলছে। বর্তমানে টিউবয়েলের বরাদ্দ আসছে। তিনি দ্রুত উপজেলা ওয়াটসান কমিটি সভা আহ্বানের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। এছাড়া তার দপ্তরের সকল কাজ স্বাভাবিকভাবেই চলছে। | উপজেলা ওয়াটসান কমিটির সভা আহ্বানের জন্য উপসহকারী প্রকৌশল, জনস্বাস্থ্য অধিদপ্তরকে অনুরোধ করা হলো। | উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর, গাইবান্ধা সদর |
| **৩.১৪ উপজেলা যুব উন্নয়ন বিভাগ ঃ** | | |
| উপজেলা যুব অফিসার জানান যে, গাইবান্ধা সদর, গাইবান্ধা জানান এ অর্থবছরে এখন পর্যন্ত উপজেলা যুব উন্নয়ন দপ্তর কোন প্রশিক্ষণের নিমিত্ত বরাদ্দ প্রাপ্ত হয় নাই। জাতীয় যুব দিবস, ২০২২ সারাদেশ ব্যাপী ১ লা নভেম্বর পালিত হয়েছে। এদিন গাইবান্ধা সদর উপজেলার কিছু উপকারভোগীর মাঝে ঋণ বিতরণ করা হয়েছে। | তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, গাইবান্ধা সদর |
| **৩.১৫ উপজেলা পল্লী উন্নয়ন দপ্তরঃ** | | |
| উপজেলা পল্লী উন্নয়ন অফিসার জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি ঋণদান ও আদায় বিষয়ে বিভাগীয় অগ্রগতি তুলে ধরেন। বোয়ালী ইউনিয়নের আশ্রয়ন প্রকল্পের বসবাসকারীর মধ্যে ১ম ধাপে ৪০ জন । উপকারভোগী বাছাই করে প্রশিক্ষণ প্রদান করা হবে। | আদায়ের হার বৃদ্ধি, সার্টিফিকেট মামলা সূমহ নিস্পত্তি, বিধিমতে প্রশিক্ষণ পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, গাইবান্ধা সদর |
| **৩.১৬ উপজেলা সমবায় বিভাগঃ** | | |
| উপজেলা সমবায় অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা বলেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। আশ্রয়ণ প্রকল্পের অধীন গাইবান্ধা সদর উপজেলা মোট সুবিধাভোগীর সংখ্যা ছিল ১২০ জন। বর্তমানে ব্যারাক ত্যাগকারী ৭০ জন, মৃত ০৯ জন উপকারভোগীর নিকট থেকে কিস্তি আদায় করা সম্ভব হচ্ছে না। তাই তিনি উপজেলা আশ্রয়ন ফেইজ-২ প্রকল্পে ঋণ দাদন ও আদায় কমিটির সার্বিক সহযোগিতা কামনা করেন। | সরকারি নির্দেশনামতে অফিস পরিচালনা করার জন্য উপজেলা সমবায় অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় অফিসার, গাইবান্ধা সদর। |
| **৩.১৭ উপজেলা পরিসংখ্যান অফিসঃ** | | |
| উপজেলা পরিসংখ্যান তদন্তকারী, গাইবান্ধা সদর, গাইবান্ধা বলেন যে, অক্টোবর, ২০২২ মাসে গাইবান্ধা সদর উপজেলায় নমুনা শুমারী অনুষ্ঠিত হয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখতে উপজেলা পরিসংখ্যান তদন্তকারীকে অনুরোধ করা হলো। | উপজেলা পরিসংখ্যান তদন্তকারী, গাইবান্ধা সদর। |

চলমান পৃষ্ঠা-৪/৬

| ৩. বিভিন্ন দপ্তর ও বিভাগ সম্পর্কিত আলোচনাঃ | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| **৩.১৮ উপজেলা মহিলা বিষয়ক বিভাগ:** | | |
| উপজেলা মহিলা বিষয়ক অফিসার, গাইবান্ধা সদর জানান যে, দরিদ্র মার জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচির ১৩টি ইউনিয়নে নির্বাচিত উপকারভোগীদের অনলাইনে ভাতার অর্থ ভাতাভোগীর নিজস্ব ব্যাংক হিসেবের মাধ্যমে পরিশোধ করা হচ্ছে। ২০১৮-২০১৯ অর্থ বছরে নির্বাচিত প্রতিটি ইউনিয়নে ৮৪ জন ভাতাভোগীর ভাতা প্রাপ্তির মেয়াদ জুন ২০২২ শেষ হয়েছে। নতুন করে কোন বরাদ্দ পাওয়া যায় নি। ভিডাব্লিউবি কর্মসূচির ১৩টি ইউনিয়নে নির্বাচিত ২০২১-২২ চক্রের ২৪২১ জন ভাতাভোগীকে নভেম্বর ২০২২ পর্যন্ত খাদ্য বিতরণ করার জন্য ডিও জারি করা হয়েছে। ২০২১-২২ চক্রের মেয়াদ ডিসেম্বর ২০২২ মাসে শেষ হবে। ২০২৩-২৪ চক্রের নতুন করে ভাতাভোগী নির্বাচনের জন্য অনলাইন আবেদন প্রক্রিয়া চলছে। ২০২৩-২৪ চক্রের জন্য ২৪২১টি কার্ড বরাদ্দ পাওয়া গেছে। অবহিতকরণ সভায় জনসংখ্যার ঘনত্ব বিবেচনায় কার্ড বিভাজন করা যেতে পারে। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলচে। | ১. ২০২৩-২৪ চক্রের নতুন করে ভাতাভোগী নির্বাচনের জন্য অনলাইন আবেদন প্রক্রিয়া সম্পন্ন করার জন্য চেয়ারম্যান সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদকে অনুরোধ করা হলো;<br>২. তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, গাইবান্ধা সদর ও চেয়ারম্যান, ইউপি সকল, গাইবান্ধা সদর, গাইবান্ধা। |
| **৩.১৯ উপজেলা পল্লী দারিদ্র বিমোচন অফিস:** | | |
| উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা বলেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। তিনি তার দপ্তরের দরজা-জানালা, পার্টিশন এবং পানির লাইন সংস্কার করার জন্য অনুরোধ করেন। তিনি নিম্নবর্ণিতভাবে বিগত মাসের বিভাগীয় অগ্রগতি সভায় উপস্থাপন করেন- (নিচের সারণি দেখুন) | ১. তার কার্যালয়ের দরজা-জানালা, পার্টিশন এবং পানির লাইন মেরামত করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হলো<br>২. দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখতে এবং বিধিমতে ঋণ বিতরণ ও আদায় করার জন্য উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, গাইবান্ধা সদর ও উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, গাইবান্ধা সদর |

| নং | কার্যক্রমসমূহ | অক্টোবর, ২০২২ মাসের অগ্রগতি | বার্ষিক অগ্রগতি |
|---|---|---|---|
| ০১ | সদস্যদের পুঁজি গঠন | ১.৭৩ লক্ষ | ৯.০৪ লক্ষ |
| ০২ | ঋণ বিতরণ (সদস্য) | ৭৪জন | ২১৪ জন |
| | নারী উদ্যোক্তা | ০৬ জন | ২২ জন |
| | ক্ষুদ্র উদ্যোক্তা | ১০ জন | ৪২ জন |
| ০৩ | ক্ষুদ্র ঋণ বিতরণ (টাকা) | ২৩.৪২ লক্ষ | ৬৮.৩৭ লক্ষ |
| | নারী উদ্যোক্তা | ৪.৭০ লক্ষ | ১৭.৯০ লক্ষ |
| | ক্ষুদ্র উদ্যোক্তা | ১৩.৭০ লক্ষ | ৫৬.০০ লক্ষ |
| ০৪ | ঋণ আদায়ের হার | ৯৫% | ৯৭% |
| ০৫ | মাঠে পাওনা ঋণ | ৩৬০.৩০ লক্ষ | ৩৬০.৩০ লক্ষ |
| ০৬ | প্রণোদনা ঋণ বিতরণ সংখ্যা | ০০ জন | ০০ জন |
| ০৭ | প্রণোদনা ঋণ বিতরণ | ০০ | ০০ |
| ০৮ | প্রণোদনা ঋণ আদায়ের হার | ১০০% | ১০০% |
| ০৯ | প্রণোদনা মাঠে পাওনা | ৫০.২৫ লক্ষ | ৫০.২৫ লক্ষ |

| | | |
|---|---|---|
| **৩.২০ সামাজিক বনায়ন, নার্সারি ও প্রশিক্ষণ কেন্দ্র, গাইবান্ধা।** | | |
| ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন, নার্সারি ও প্রশিক্ষণ কেন্দ্র, গাইবান্ধার প্রতিনিধি জানান যে, তাদের দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | তার দপ্তরের কার্যক্রম বিধিমতে পরিচালনার জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন, নার্সারি ও প্রশিক্ষণ কেন্দ্র, গাইবান্ধাকে অনুরোধ করা হলো। | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন, নার্সারি ও প্রশিক্ষণ কেন্দ্র, গাইবান্ধা। |
| **৩.২১ পল্লী সঞ্চয় ব্যাংক, গাইবান্ধা সদর উপজেলা শাখা:** | | |
| শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, গাইবান্ধা সদর উপজেলা শাখা, গাইবান্ধা বলেন যে, তার দপ্তরের সরকারি নির্দেশনামতে চলছে। ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম অব্যাহত আছে। তবে ২০২৩ সালের আসন্ন দুর্ভিক্ষ-এর জন্য ঋণ আদায়ের হার কমে আসছে। | ঋণ বিতরণ ও তদানুযায়ী আদায়ের হার বৃদ্ধি করার জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, গাইবান্ধা সদর, গাইবান্ধাকে অনুরোধ করা হলো। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, গাইবান্ধা সদর |
| **৩.২২ উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প:** | | |
| ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প জানান যে, বরাদ্দপ্রাপ্তদের সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ কার্যক্রমগুলো সম্পন্ন করার জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। এছাড়া ওয়েব পোর্টাল হালনাগাদ করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। | প্রশিক্ষণ কার্যক্রমগুলো সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো । | সংশ্লিষ্ট সকল এবং ইউডিএফ, গাইবান্ধা সদর, |
| **৩.২৩ তথ্য আপা প্রকল্প:** | | |
| উপজেলা তথ্যসেবা কর্মকর্তা বলেন যে, বর্তমানে উঠান বৈঠকের বরাদ্দ না পাওয়ার কারণে উঠান বৈঠক পরিচালনা করা সম্ভব করা যাচ্ছে না। তবে দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | তার দপ্তরের কার্যক্রম অব্যাহত রাখতে উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, গাইবানন্ধা সদরকে অনুরোধ করা হলো। | তথ্য সেবা কর্মকর্তা, গাইবান্ধা সদর |
| **৩.২৪ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দ** | | |
| ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ তাদের কার্যক্রম স্বাভাবিক আছে মর্মে জানান। চেয়ারম্যান খোলাহাটী ইউপি জানান যে, হাশেম বাজার থেকে রূপার বাজার রাস্তায় কার্পেটিং করা হয়েছে। উক্ত রাস্তায় প্যালাসাইডিং নির্মাণ করা প্রয়োজন। এছাড়া ভেড়ামারা ব্রীজের পার্শ্বে ক্যানেলের পর সেতু/কালভার্ট করে দেওয়ার জন্য তিনি চেয়ারম্যান, উপজেলা পরিষদকে অনুরোধ করেন। ইউনিয়নের পরিষদের চেয়ারম্যানগণ বিআরডিবি'র প্রশিক্ষণগুলোতে উপকারভোগী নির্বাচনে অংশ্রগহণের সুযোগ চান। | চেয়ারম্যান, খোলাহাটী ইউপি বর্ণিত রাস্তাগুলো পরিদর্শনপূর্বক ব্যবস্থা নেওয়ার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো এবং তাদের পরিষদের কার্যক্রম স্বাভাবিক রাখতে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি ও সকল ইউপি চেয়ারম্যান, গাইবান্ধা সদর, |
| **৩.২৫ স্ট্যান্ডিং কমিটির সভা অনুষ্ঠান:** | | |
| উপজেলা পরিষদে ১৭টি স্ট্যান্ডিং কমিটিসমূহের উপজেলা পরিষদের ভাইস-চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান এবং সদস্য-সচিব হচ্ছেন বিভিন্ন বিভাগের কর্মকর্তাবৃন্দ। ১৭টি স্ট্যান্ডিং কমিটির সভাসমূহ নিয়মিত সভা আহবান, কমিটির কার্যবিবরণী প্রস্তুতপূর্বক চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবরে প্রেরণের অনুরোধ জানান। | স্ট্যান্ডিং কমিটির সভা আহবান, কার্য বিবরনী প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবরে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয় এবং স্ট্যান্ডিং কমিটির আপ্যায়ন বাবদ ৮,০০০/- প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। | সংশ্লিষ্ট সকল, গাইবান্ধা সদর |

চলমান পৃষ্ঠা-৫/৬

| ৩. বিভিন্ন দপ্তর ও বিভাগ সম্পর্কিত আলোচনাঃ | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ৩.২৬ বিবিধ: | | |
| উপজেলা নির্বাহী অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা বলেন, গাইবান্ধা সদর উপজেলা পরিষদের চেয়ারম্যানের মহোদয়ের গাড়ির মেরামত বাবদ ৭২৫০/- (মাত্র সাত হাজার দুইশত পঞ্চাশ) টাকার বিল পাওয়া গেছে। চেয়ারম্যান, উপজেলা পরিষদের দাপ্তরিক কাজে ব্যবহৃত গাড়ির জ্বালানি বিল বাবদ ৮৪,১১৭/- (চুরাশি হাজার একশত সতের) টাকার বিল পাওয়া গেছে। আসন্ন ডিসেম্বর, ২০২২ বিজয়ের মাস হিসেবে উপজেলা পরিষদের অভ্যন্তরে পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান চলবে, আলোকসজ্জা, শ্রদ্ধাঞ্জলি বাবদ প্রাপ্ত বিল পরিশোধ করার জন্য সভায় বিস্তারিত আলোচনা করা হয়। উপজেলা পরিষদের ফটোকপি মেশিন মেরামতে বিপুল পরিমান অর্থ ব্যয় করা হচ্ছে এবং তা পুনঃপুন নষ্ট হচ্ছে ফলে নতুন ০১টি ফটোকপি মেশিন ক্রয়ের জন্য সভায় বিস্তারিত আলোচনা করা হয়। এছাড়া অফিস সরঞ্জাম সংগ্রহ খাতে ৮৫৬০/- ( আট হাজার পাঁচশত ষাট) টাকা ব্যয় করা হয়েছে। উক্ত ব্যয় পরিশোধ করার জন্য সভায় বিস্তারিত আলোচনা হয়। উপজেলা দারিদ্র বিমোচন অফিসারের কার্যালয়ের ০৩টি জানালা, ০২টি দরজা এবং অফিসার ও স্টাফ রুমের পার্টিশন দেয়ার জন্য তার আবেদনের প্রেক্ষিতে জায়গাটি পরিদর্শন করা হয় এবং তার রুমের কাজের জন্য ২৪,৫০০/- (মাত্র চব্বিশ হাজার পাঁচশত) টাকা ব্যয়ের প্রয়োজন মর্মে দেখা যায় এবং পানির লাইন সংস্কার করার জন্য সর্বমোট ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা ব্যয় হবে মর্মে দেখা যায়। এছাড়া বীরমুক্তিযোদ্ধা মোঃ সোহবার আলী সরকার, পিতা-মৃত রুস্তম আলী, গ্রাম-বারুইপাড়া, খোলাহাটী, গাইবান্ধা সদর, গাইবান্ধা তার মুক্তিযোদ্ধা নম্বর-০১৩২০০০০৮০৫ তার নামে খোলাহাটী ইউনিয়নের ১নং ওয়ার্ড বারুইপাড়া ঠাকুরের দীঘি হতে কালিতলাগামী রাস্তাটি নামকরণের জন্য আবেদন করেছেন। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ২৮.০৩.২০১৯ তারিখের ৪৮.০০.০০০০.০০৫.১৬.০০৫.২০.১৬৯ নং জারিকৃত পত্রে গ্রামীণ রাস্তাঘাট বীরমুক্তিযোদ্ধাদের নামে নামকরণের নির্দেশনা রয়েছে। সেমতে উল্লিখিত মুক্তিযোদ্ধার নামে উক্ত রাস্তাটি নামকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সভায় সিদ্ধান্ত গ্রহণ করার হলো এবং এ জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | ০১) উপজেলা পরিষদের ব্যবহৃত গাড়ির মেরামত ব্যয় বাবদ ৭২৫০/- ও জ্বালানি বিল বাবদ ৮৪,১১৭/- টাকার বিল পরিশোধের জন্য সিদ্ধান্ত গৃহীত হলো;<br>০২) উপজেলা পরিষদের পরিষ্কার-পরিচ্ছন্নতা বাবদ প্রাপ্ত ও ডিসেম্বর মাসের দিবসসমূহ উদযাপনের ব্যয় প্রাপ্ত বিল কৃচ্ছ্রতাসাধণপূর্বক পরিশোধের জন্য সিদ্ধান্ত গৃহীত হলো;<br>০৩) উপজেলা পরিষদের জন্য ০১টি ফটোকপি মেশিন ক্রয়ের জন্য সিদ্ধান্ত গৃহীত হলো;<br>০৪) অফিস সরঞ্জাম সংগ্রহ খাতে ৮৫৬০/- টাকা ব্যয়ের জন্য সিদ্ধান্ত গৃহীত হলো:<br>০৫) উপজেলা দারিদ্র বিমোচন অফিসের দরজা-জানাল এবং রুমের পার্টিশন বাবদ ২৪,৫০০/- (চব্বিশ হাজার পাঁচশত) টাকা এবং পানির লাইনের জন্য ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা ব্যয় করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো<br>০৬) খোলাহাটী ইউনিয়নের ১নং ওয়ার্ড বারুইপাড়া ঠাকুরের দীঘি হতে কালিতলাগামী রাস্তাটি বীরমুক্তিযোদ্ধা মোঃ সোহবার আলী সরকার, পিতা-মৃত রুস্তম আলী, গ্রাম-বারুইপাড়া, খোলাহাটী, গাইবান্ধা সদর, গাইবান্ধা তার মুক্তিযোদ্ধা নম্বর-০১৩২০০০০৮০৫ তার নামে নামকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা।<br>ও<br>উপজেলা প্রকৌশলী, এলজিইডি, গাইবান্ধা সদর, গাইবান্ধা। |
| ৩.২৭ ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | | |
| ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, গাইবান্ধা সদর, গাইবান্ধা উপস্থিত সকলকে সালাম ও ধন্যবাদ জানান। স্ট্যান্ডিং কমিটির সভার কার্যবিবরণী নিয়মিত এ অফিসে প্রেরণের জন্য উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয়কে সভায় অনুরোধ করা হয়। | স্ট্যান্ডিং কমিটির সভার কার্যবিবরণী নিয়মিত এ অফিসে প্রেরণের জন্য উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয়কে সভায় অনুরোধ করা হলো। | ভাইস চেয়ারম্যানদ্বয় উপজেলা পরিষদ, গাইবান্ধা সদর ও সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধানগণ |
| ৩.২৮ উপজেলা নির্বাহী অফিসার: | | |
| উপজেলা নির্বাহী অফিসার সভায় সকলকে উপস্থিত হওয়ার জন্য ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। প্রতি মাসের মাসিক সভা যথাসময়ে অনুষ্ঠিত হবে। যথাসময়ে সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকার জন্য তিনি সকলকে আহবান করেন। সভায় গৃহীত সিদ্ধান্তগুলো দ্রুত বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে তিনি অনুরোধ করেন। গাইবান্ধা সদর উপজেলার জন্ম-মৃত্যু নিবন্ধনের হার বৃদ্ধির জন্য তিনি সকল ইউপি চেয়ারম্যানদের তাগিদ প্রদান করেন। এছাড়া আসন্ন ডিসেম্বর, ২০২২ এর জন্য তিনি সকলকে বিজয়ের শুভেচ্ছা জানান। | ১) সভায় ধারাবাহিকভাবে দপ্তরভিত্তিক আলোচিত বিষয়ের প্রেক্ষিতে গৃহীত সিদ্ধান্তগুলো যথাযথভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হলো।<br>২) জন্ম মৃত্যু নিবন্ধনের হার বৃদ্ধির জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করা হলো। | সংশ্লিষ্ট সকল |
| ৩.২৯ চেয়ারম্যান, উপজেলা পরিষদ: | | |
| চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গাইবান্ধা সদর, গাইবান্ধা ও সভাপতি, উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা, গাইবান্ধা সদর, গাইবান্ধা জানান সভায় বিষয়ভিত্তিক গুরুত্বপূর্ণ আলোচনা হয়েছে। জন্ম-মৃত্যুর ৪৫ দিনের মধ্যেই জন্ম-মৃত নিবন্ধন করতে হয়। তাই তিনি ইউপি চেয়ারম্যানদের এ বিষয়ে গুরুত্ব দেয়ার জন্য নির্দেশনা প্রদান করেন। তিনি উপজেলা পরিষদের ওয়েবসাইট হালনাগাদের জন্য তাগিদ প্রদান করেন। | ধারাবাহিক আলোচিত বিষয়সমূহের প্রেক্ষিতে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হলো। | সংশ্লিষ্ট সকল |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ ও বিজয় দিবসের অগ্রিম শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

১৭/১২/২২

(শাহ সারোয়ার কবীর)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
মাসিক সাধারণ সভা
গাইবান্ধা সদর, গাইবান্ধা।

চলমান পৃষ্ঠা-৬/৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গাইবান্ধা সদর, গাইবান্ধা
www.gaibandhasadar.gaibandha.gov.bd

স্মারক নং-০৫.৫৫.৩২২৪.০০১.০৬.০০১.১৯. ১০৫৪

তারিখ ঃ ০২ অগ্রহায়ণ ১৪২৯ / ১৭ নভেম্বর ২০২২

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

০১। জনাব মাহাবুব আরা বেগম গিনি, মাননীয় জাতীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা-৩০, গাইবান্ধা-০২, গাইবান্ধা সদর ও মাননীয় হুইপ, বাংলাদেশ জাতীয় সংসদ, উত্তর পূর্ব ব্লক, কক্ষ নং-২২৩-২২৫, লেভেল-০২, বাংলাদেশ জাতীয় সংসদ ভবন, ঢাকা ।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর ।
০৪। পরিচালক, স্থানীয় সরকার শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর ।
০৫। জেলা প্রশাসক, গাইবান্ধা ।
০৬। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা ।
০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গাইবান্ধা সদর, গাইবান্ধা ।
০৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গাইবান্ধা সদর, গাইবান্ধা ।
০৯। সহকারী কমিশনার (ভূমি), গাইবান্ধা সদর, গাইবান্ধা।
১০। উপজেলা ...................................... অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা ।
১১। চেয়ারম্যান, ................................. ইউপি (সকল), গাইবান্ধা সদর, গাইবান্ধা ।
১২। অফিস কপি।

(মোঃ শরীফুল আলম)
উপজেলা নির্বাহী অফিসার
গাইবান্ধা সদর, গাইবান্ধা।